

বাকুবির ২৯৫ কোটি ৬৩ লাখ টাকার বাজেট অনুমোদন

বাকুবি প্রতিনিধি

২৩ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ২৩ জুন ২০১৯ ০০:০০



দৈনিক
আমাদের সময়

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ২০১৯-২০ অর্থবছরের জন্য ২৯৫ কোটি ৬৩ লাখ টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয়ে আয়োজিত ৩১৮তম সিন্ডিকেট অধিবেশনে ওই বাজেট ঘোষণা করা হয়। বাকুবি উপাচার্য অধ্যাপক ড. মো. লুৎফুল হাসানের সভাপতিত্বে সিন্ডিকেট অধিবেশনে বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ রাকিব উদ্দিন। তিনি বলেন, ২০১৯-২০ অর্থবছরে মূল রিকাস্ট বাজেটে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক সরকারি অনুদান হিসেবে ২৮,৪১৩ লাখ টাকা ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হিসেবে ১১৫০ লাখ টাকাসহ মোট আয় ধার্য করা হয়েছে ২৯৫ কোটি ৬৩ লাখ টাকা।